

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
রাজস্ব (এস. এ) শাখা
(www.tangail.gov.bd)

স্মারক নং-০৫.৪১.৯৩০০.০১২.১৪.০০২.২১ (অংশ-২)- ৯৬৪

তারিখ ২০ আশ্বিন ১৪৩০
২৫ সেপ্টেম্বর ২০২৩

নোটিশ

এতদ্বারা সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণ বশত: আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রোজ শনিবার এর পরিবর্তে আগামী ০৭ অক্টোবর ২০২৩ রোজ শনিবার সকাল ৯.৩০ ঘটিকায়, টাঙ্গাইল সার্কিট হাউজ এর সম্মেলন কক্ষে, মির্জাপুর ও ধনবাড়ী এবং ১৪ অক্টোবর ২০২৩ রোজ শনিবার সকাল ৯.৩০ ঘটিকায় নাগরপুর ও ঘাটাইল উপজেলার ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসের ব্যবহৃত সকল রেজিস্টারসমূহ জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয় কর্তৃক যাচাই করা হবে। সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) গণকে তার অফিসের সকল কর্মচারী এবং তার আওতাধীন ইউনিয়ন ভূমি অফিসের সকল কর্মচারীসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


বি:দ্র: ১। সকল রেজিস্টার লাল সালু দ্বারা বাঁধাই করা থাকবে।

২। প্রত্যয়নসহ রেজিস্টারসমূহের নির্ধারিত ফরম অনুযায়ী প্রতিটি কলাম সঠিকভাবে পূরণপূর্বক হালনাগাদ করা থাকবে।

৩। প্রযোজ্য ক্ষেত্রসমূহে ব্যাংক স্ট্যাটমেন্ট এবং চালানের কপি দাখিল করতে হবে (খাস আদায়সহ)।

৪। সহকারী কমিশনার (ভূমি) ও ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তাগণ ল্যাপটপসহ উপস্থিত থাকবেন।

সংযুক্তি: ০১ (এক) ফর্দ।


নাইয়িন নুরেন
রেভিনিউ ডেপুটি কালেক্টর
টাঙ্গাইল।
ফোন: ০২৯৯-৭৭১৪৯১০

প্রাপক.....

.....টাঙ্গাইল

অনুলিপি সদয় (জ্ঞাতার্থে/কার্যার্থে)

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট), টাঙ্গাইল।
- ৩। নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।
- ৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি